

বিএসএমএমইউ

মেডিকেল অফিসার পদে নিয়োগ পেলেন ২০০ জন

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

। ঢাকা, বৃহস্পতিবার, ০৭ নভেম্বর ২০১৯

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে গতকাল ২০ ডেন্টাল সার্জনসহ ২০০ জন মেডিকেল অফিসারের হাতে আনুষ্ঠানিকভাবে নিয়োগপত্র তুলে দেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক, এমপি। এ উপলক্ষে বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এতে সভাপতিত্ব করেন, উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়য়া। প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এমপি বলেন, রোগীদেরক ভালোবেসে, হাসিমুখে সেবার মনোবৃত্তি নিয়ে চিকিৎসাসেবা দিতে হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে উন্নত শিক্ষা, আধুনিক চিকিৎসাসেবা প্রদান করা হয় ও গবেষণা করা হয়। এই কর্মকা-কে আরও জ্ঞানদার করার মাধ্যমে আন্তর্জাতিক পরিম-লে ছড়িয়ে দিতে হবে।

সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়য়া চূড়ান্ত নিয়োগ কার্যক্রম সুষৃষ্ট ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় প্রধানমন্ত্রী শেখ

হাসনার প্রাত কৃতজ্ঞতা জ্ঞান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগ্রহ, নির্দেশনা, ইস্পাত কঠিন মনোবল ও যথাযথ সিদ্ধান্ত প্রদানের ফলে অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে এই নিয়োগে আবেদনকারীদের মধ্য থেকে সবচেয়ে মেধাবী ও ঘোগ্য চিকিৎসকদেরই নিয়োগ দেয়া সম্ভব হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, ডেন্টাল সাজনসহ ২০০ মেডিকেল অফিসার নিয়োগের লক্ষ্যে গত ২ অক্টোবর ২০১৭ইং তারিখে প্রথম বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। মোট ৮৭৯১ জন চিকিৎসক আবেদন করেন কিন্তু ত্রুটিসংক্রান্ত কারণে ২৩৪টি আবেদন বাতিল হওয়ায় বৈধ আবেদন হয় ৮৫৫৭টি। এর মধ্যে মেডিকাল অফিসার ৭২৪৪টি এবং ডেন্টাল সাজারি ১৩১৩টি। গত ২২ মার্চ ২০১৯ তারিখে ২০০ জন মেডিকেল অফিসার নিয়োগ পরীক্ষা সুষৃষ্ট ও সুল্লিঙ্গাবে সম্পন্ন হয়। গত ১২ মে ২০১৯ইং তারিখে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। এতে মোট মেডিকেল অফিসার ৭৩৭ জন এবং মেডিকেল অফিসার (ডেন্টাল সাজারি) ৮১ জনসহ মোট ৮২০ জন উত্তীর্ণ হন। চল্লিতি বছরের জুন ও জুলাই মাসে মৌখিক পরীক্ষা গ্রহণ সম্পন্ন হয় হওয়ার পর মৌখিক পরীক্ষার ফলাফল চূড়ান্ত করা হয়, ২ নভেম্বর মৌখিক পরীক্ষার ফলাফল সিদ্ধিকেটে অনুমোদিত হয় ও গত ৩ নভেম্বর সেই ফলাফল প্রকাশ করা হয়।